



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : আলমপুর, দক্ষিণ সুরমা, সিলেট-৩১০০

স্মারক নং : সিশিবো/বিদ্যা/রেজিঃ/১৮৩

তারিখঃ ২৫/০৯/২০১৬ খ্রিঃ

## বিজ্ঞপ্তি

অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক/ মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত বছরের ন্যায় ২০১৬ শিক্ষাবর্ষে ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থীর নাম, পিতা-মাতার নাম, জন্ম তারিখ ও বিষয় সংশোধন করা যাবে।


রেজিস্ট্রেশন কার্ডে শিক্ষার্থীর নাম ও পিতা-মাতার নামে আক্ষরিক সংশোধন ও বিষয় সংশোধনের জন্য ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকার ব্যাংকড্রাফট/ পে-অর্ডার জমা দিতে হবে। তবে শিক্ষার্থীর নাম ও পিতা-মাতার নামে ব্যাপক পরিবর্তন ও জন্ম তারিখ সংশোধনের জন্য ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকার ব্যাংকড্রাফট/ পে-অর্ডার জমা দিতে হবে।

বোর্ড কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত ফরম্যাটে প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর ও সীলসহ আবেদন আগামী ১৫/১০/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে জমা দিতে হবে।

আবেদনের সাথে নিম্নোক্ত কাগজাদি সংযুক্ত করতে হবেঃ

১. রেজিস্ট্রেশন কার্ডের মূলকপি।
২. নির্ধারিত ফি এর ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার।
৩. নামের ব্যাপক পরিবর্তন ও জন্ম তারিখ সংশোধনের ক্ষেত্রে প্রয়োজনীয় প্রমাণপত্রাদি জমা দিতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে:

  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।

অবগতি ও কার্যার্থে অনুলিপি :

- ১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ২। পরীক্ষা নিয়ন্ত্রক, অত্র শিক্ষা বোর্ড।
- ৩। হিসাব রক্ষণ কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ড।
- ৪। অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল নিম্ন মাধ্যমিক / মাধ্যমিক বিদ্যালয় ও মাধ্যমিক শ্রেণিযুক্ত মহাবিদ্যালয়ের প্রধানগণ।
- ৫। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।